



An Oifig um Chosaint  
Idirnáisiúnta

আন্তর্জাতিক সুরক্ষা  
কার্যালয়

## আবেদনকারীর আচরণবিধি

আপনার আন্তর্জাতিক সুরক্ষার

অনলাইন সাক্ষাৎকার সংক্রান্ত তথ্য

আপনি এই দেশে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেছেন এবং আপনার প্রশ্নাবলীতে আপনার দাবি সম্পর্কিত তথ্য এই অফিসকে প্রদান করেছেন। আন্তর্জাতিক সুরক্ষা অনলাইন সাক্ষাৎকারের উদ্দেশ্য হল ইতিমধ্যে প্রদত্ত তথ্য এবং আপনার অনলাইন সাক্ষাৎকারে আপনি যে তথ্য প্রদান করবেন তা থেকে আপনার দাবির সম্পূর্ণ বিবরণ যাচাই করা। এর জন্য আপনার প্রশ্নাবলীতে আপনার দ্বারা উত্থাপিত সমস্যাগুলি এবং সাক্ষাৎকার গ্রহণকারীর কাছে প্রাসঙ্গিক বিবেচিত হবে এমন অন্যান্য বিষয়গুলির ব্যাপারে বিস্তারিত জিজ্ঞাসাবাদের প্রয়োজন হবে। আপনি বুঝতে পারেন না এমন কোনো প্রশ্নে আপনার সাক্ষাৎকার গ্রহণকারীর কাছ থেকে ব্যাখ্যা চাইবেন।

আপনার ভয়কে স্পষ্টভাবে এবং সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করা উচিত এবং আপনার নির্দিষ্ট পরিস্থিতিতে প্রাসঙ্গিক সমস্ত তথ্য এবং বিবরণ প্রদান করা উচিত। কেন আপনি আপনার দেশে ফিরে যেতে ভয় পান, এই সাক্ষাৎকারে তা বিশদভাবে ব্যাখ্যা করার সুযোগ পাবেন।

**সম্পূর্ণভাবে সহযোগিতা করা এবং সম্পূর্ণ সত্যবাদী হওয়া আপনার কর্তব্য।** অনলাইন সাক্ষাৎকারের একটি লিখিত নথি এবং আপনার দাবির সম্ভাব্য প্রাসঙ্গিক দাবিগুলো সাক্ষাৎকার গ্রহণকারীর নিকট থাকবে। সাক্ষাৎকারের নথিটি আপনাকে আবার পড়ে শুনানো হবে এবং অনলাইন সাক্ষাৎকার চলাকালীন সময় আপনার বিবেচনায় সঠিকভাবে নথিভুক্ত করা হয়নি এমন কোনো বিশদ সংশোধন করার সুযোগ পাবেন। আপনাকে মৌখিকভাবে নিশ্চিত করতে বলা হবে যে আপনি আপনার সাক্ষাৎকারের সময় সাক্ষাৎকারের নথির সাথে একমত এবং নথিতে সময়সহ উল্লেখ করা হবে। সময় উল্লেখ করা বলতে বুঝায় মৌখিক নিশ্চিতকরণ যা এই ধরনের সময়/তারিখ নির্দেশ করে।

যে দেশ থেকে আপনি পালিয়ে এসেছেন সেই দেশের কর্তৃপক্ষের সাথে আন্তর্জাতিক সুরক্ষা কার্যালয় থেকে কোনো অবস্থাতেই যোগাযোগ করা হবে না।

সাক্ষাৎকারের পরে, আপনার আবেদনের বিষয়ে একটি সুপারিশ করা হবে এবং যদি সেই সুপারিশটি নেতিবাচক হয়, তাহলে আপনি আন্তর্জাতিক সুরক্ষা আপিল ট্রাইব্যুনালে আপিল করার সুযোগ পাবেন।

**দোভাষীর ভূমিকা:** দোভাষী, উপস্থিত থাকলে, সাক্ষাৎকার গ্রহণকারীর প্রশ্ন এবং আপনার উত্তর সঠিকভাবে ব্যাখ্যা করবেন। দোভাষী আপনাকে উপদেশ দেবেন না বা তিনি আপনার মামলার উপকারীতা সম্পর্কে কোনো মতামত প্রকাশ করবেন না। দোভাষী সাক্ষাৎকারের গোপনীয়তা সম্পর্কে অবগত আছেন দোভাষীকে সাক্ষাৎকারের সময় ছুড়া আপনার সাথে কথোপকথনে প্রবেশ করার অনুমতি দেওয়া হয় না।

**আইনি প্রতিনিধি:** আপনার আইনি প্রতিনিধি, যদি উপস্থিত থাকেন, তিনি নোট নিতে পারেন কিন্তু আপনার জন্য কোনো প্রশ্নের উত্তর দিতে বা উত্তর প্রদানে বাধা দিতে পারবেন না। সাক্ষাৎকারের শেষে, আপনার আইনি প্রতিনিধিকে জিজ্ঞাসা করা হবে যে তার কোন মন্তব্য করার আছে কিনা।

আপনার সাক্ষাৎকারের শুরুতে আপনি এই নথিটি পড়েছেন এবং বুঝেছেন তা নিশ্চিত করতে আপনাকে বলা হবে।

আবেদনকারীর নাম:

সম্মত তারিখ: দিন/মাস/বছর

সম্মত সময়:

দিন/মাস/বছর

